উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি”

স্মারকনং- উ.প.কা/হালু/স্থায়ীকমিটি/২০২২- ২৬০ তারিখঃ ১৩/০৭/২০২২ খ্রিঃ।

# সভার নোটিশ

হালুয়াঘাট উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৭/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(ঝর্না ঘোষ)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলাপরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা ....................................অফিসার, হালুয়াঘাট।
৫। চেয়ারম্যান............................ইউ.পি. হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

## মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ঝর্না ঘোষ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ২৬/০৭/২০২২ খ্রিঃ, সময় ঃ বিকাল ৩.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব কে হালুয়াঘাট উপজেলায় মহিলা বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, স্বদেশী ইউ.পিবলেন, প্রত্যেক মানুষের কাছে সবচাইতে প্রিয় তার মা। জন্মের পর মাই তার সম্ভানকে পরম যত্নে বুকে তুলে নেন। অনেক ক্ষেত্রে নিজে না খেয়েও তাদের শিশুর মুখে খাবার তুলে দেন। সেই মায়েদের পুষ্টি, স্বাস্থ্য রক্ষায় দেশ, রাষ্ট্র, সমাজ ও পরিবারকে অবশ্যই এগিয়ে আসতে হবে। সারা দেশের হৃত দরিদ্র পরিবারের মেয়েরা যাতে শৈশবেই মা হওয়ার মত বিপর্যয়ের মুখোমুখি না হয় সেদিকেও গুরুত্ব দিতে হবে। আর যারা ওই বয়সেই দুর্ভাগ্যজনকভাবে মা হয়ে গেছেন তারা যেন অপুষ্টিতে না ভোগে সেদিকেও খেয়াল রাখতে হবে।মাতৃত্বকালীন ভাতার মাধ্যমে একজন মাকে সাড়ে তিনশত টাকা দিয়ে সম্মান করা হয়।<br>হতদরিদ্র মায়েরা কিছুটা হলেও পুষ্টির অভাব পূরণ করতে পারেন।চেয়ারম্যান, ভুবনকুড়া , ইউ.পিবলেন দরিদ্র্যতার কারণে অত্র এলাকার মেয়েদের অল্প বয়সে বিয়ে দিয়ে দেয় তার অভিভাবক। বাল্যবিয়ের কারণে বছর না ঘুরতেই মা হয়ে যায় তারা। সেসঙ্গে বাড়তে থাকে তাদের সম্ভানের সংখ্যাও। রুগ্ন ও অপুষ্টিজনিত কারণে অস্থিসার মায়েরা ছয় থেকে সাতটি পুষ্টিহীন সন্তান লাভ করেন। এভাবে তারা বেড়ে ওঠে। কাটে তাদের শৈশব। আর উনিশ-বিশ বছরের কিশোরী মা কুড়িতেই বুড়ি হয়ে যায়।<br><br>এসব মায়ের জন্য দরকার সুবিবেচিত বাজেট। বাড়ানো দরকার মাতৃত্বকালীন ভাতার বরাদ্দ।আলোচনায় নারীর উন্নয়নে প্রথমে উঠে আসে যে কথাটি, তা হলো আমাদের কাছের মানুষ, প্রিয় মানুষ মা। মা কথাটি যুক্ত হয়ে এক ভিন্ন মাত্রা যোগ হয়েছে। হত দরিদ্র মায়েদের সামাজিক নিরাপত্তার বলয় তৈরি করা হয়েছে মাতৃত্বকালীন ভাতা দিয়ে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>চেয়ারম্যান, ধারা ইউনিয়নের প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৬/০৭/২০২২
(ঝর্না ঘোষ)
মহিলাভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হালুয়াঘাট।

স্মারক নং-মহিলা ও শিশু /হালু/২০২২- ২৫৬

তারিখঃ ২৬/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হালুয়াঘাট উপজেলা কমান্ড, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান.............................................ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ।

(গোলে জান্নাত সেতু)
উপজেলা মহিলা বিষয়ক অফিসার
হালুয়াঘাট,ময়মনসিংহ।

২৬/০৭/২০২২ খ্রিঃ তারিখ মহিলা ও শিশুবিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত
সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ

| ক্রমিকনং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ঝর্না ঘোষ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ | সভাপতি | [signature] |
| ২ | চেয়ারম্যান, জুগলী ইউ.পি. হালুয়াঘাট, ময়মনসিংহ | সদস্য | [signature] |
| ৩ | চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. হালুয়াঘাট, ময়মনসিংহ | সদস্য | [signature] |
| ৪ | উপজেলা প.প অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ | সদস্য | [signature] |
| ৫ | উপজেলা যুবউন্নয়ন অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ | সদস্য | [signature] |
| ৬ | উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ | সদস্য | [signature] |
| ৭ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য-সচিব | [signature] |